আরও খবর

সোনা সস্তা হল আরও

বৃহস্পতিবার ভারতে আরও নীচে নামল সোনার দাম। এই নিয়ে টানা চার দিন। দাম কমেছে রুপোরও। এদিন প্রতি ১০ গ্রাম সোনার দাম ছিল ৪৯,২৯৩ টাকা। রুপো কেজিপ্রতি ৫৬,৭১০ টাকা। অর্থাৎ চার দিনে ভারতে সোনার দাম প্রতি ১০ গ্রামে প্রায় ২,৫০০ টাকা কমল। গত দিন সূচকে ১.৯%, অর্থাৎ ৯৫০ টাকা দর পড়ে সোনার। রুপোর দরও সূচকে ৪.৫%, অর্থাৎ কেজিতে ২,৭০০ টাকা পড়ে যায়।

জমা-খরচ

জুন মাসে ভোডাফোন-আইডিয়া ৪৮.২ লাখ গ্রাহক হারিয়েছে। ভারতী-এয়ারটেল হারিয়েছে ১১.৩ লাখ গ্রাহক। আর এই একই সময়ে রিলায়েন্স জিও পেয়েছে ৪৫ লাখ নতুন গ্রাহক। পরিসংখ্যান দিল দেশের টেলিকম নিয়ন্ত্রক সংস্থা 'ট্রাই'। তবে আগ্রহজনক তথ্য হল, ২০২০ জুনে সারা দেশে, গ্রামে ও শহরে অয়্যারলেস পরিষেবার গ্রাহক কমেছে ০.২৮%। মোবাইল গ্রাহক শহরে কমেছে ০.১৮% এবং গ্রামে ০.৪০%।

বাকি ইতিহাস

অসমে দ্বাদশ শ্রেণির রাষ্ট্রবিজ্ঞানের পাঠ্য থেকে বাদ গেলেন জওহরলাল নেহরু। ১৯৮৪ সালের শিখ-বিরোধী দাঙ্গা, অযোধ্যার রাম জন্মভূমি বিতর্ক, ২০০২ সালের গুজরাট দাঙ্গাও বাদ গেল। কারণ দেখানো হল, কোভিড-পরিস্থিতিতে পড়ুয়াদের ওপর থেকে চাপ কমাতেই পাঠ্যক্রমের ৩০% শতাংশ বাদ। ছ'মাস বন্ধ থাকার পর ২১ সেপ্টেম্বর থেকে অসমে ফের স্কুল চালু হয়েছে কেবল নবম থেকে দ্বাদশ শ্রেণির জন্য।

ডলারের মাস্ক

পুরুষদের জন্য অ্যান্টি ভাইরাল মাস্ক তৈরি করছে ডলার ইন্ডাস্ট্রিজ লিমিটেড। অস্ট্রেলিয়া ভিত্তিক সংস্থা হেলথ গার্ড-এর সঙ্গে যৌথ উদ্যোগে। ব্যবহার করা হয়েছে বিশেষ রাসায়নিক। ত্বকের সুরক্ষার কথা মাথায় রেখেই। সংস্থার ম্যানেজিং ডিরেক্টর বিনোদকুমার গুপ্তা জানিয়েছেন, অতিমারী পরিস্থিতিতে এই উদ্যোগ। অস্ট্রেলিয়ার সংস্থাটির অ্যান্টি ভাইরাল পণ্য তৈরির ক্ষেত্রে বিশেষ অভিজ্ঞতা রয়েছে। আরও কিছু অ্যান্টি ভাইরাল পোশাকও তৈরি করা হচ্ছে।

শর্মিষ্ঠা বাদ

দিল্লি প্রদেশ মহিলা কংগ্রেসের সভানেত্রীর পদ থেকে সরিয়ে দেওয়া হল প্রণব মুখার্জির কন্যা শর্মিষ্ঠা মুখার্জিকে। বৃহস্পতিবার সন্ধেয় এই খবর জানিয়েছেন দলের সাধারণ সম্পাদক (সংগঠন) কেসি বেণুগোপাল। নতুন সভানেত্রী হিসেবে নিযুক্ত করা হয়েছে অমৃতা ধাওয়ানকে। ২০১৮ সালের জানুয়ারিতে ডিপিসিসি-র মহিলা শাখার সভানেত্রী হিসেবে দায়িত্ব নিয়েছিলেন শর্মিষ্ঠা।

নাকি ষড়যন্ত্র!

বিজেপি-শাসিত অসমে পুলিশ অফিসার নিয়োগ পরীক্ষারও ফাঁস হয় প্রশ্ন! আর এর জন্য বিরোধীদের ষড়যন্ত্র দেখছেন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়াল। ইতিমধ্যেই ধরা পড়েছেন প্রাক্তন এক ডিআইজি। তবে শাসক দলের পান্ডারা মুখ লুকোচ্ছেন। আসল চাঁই নাকি তাঁরাই, অভিযোগ সাধারণ মানুষের। কংগ্রেস ও এআইইউডিএফ সিবিআই তদন্তের দাবিতে সরব।

ছাঁটাই ৩ মন্ত্রী

দিল্লি থেকে ফিরেই রাজ্যের তিন-তিনজন মন্ত্রীকে বরখাস্ত করলেন মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন্দ্র সিং। মন্ত্রীদের বাদ দেওয়ার কারণ অবশ্য তিনি জানাননি। বলেন, শিগগিরই মন্ত্রিসভার রদবদল হবে। রাজ্যপাল নাজমা হেপতুল্লা জানিয়েছেন, বরখাস্তের নির্দেশ কার্যকর করা হয়েছে। তিন মন্ত্রীকে ছাঁটাইয়ের পর মণিপুরে ফের দেখা দিয়েছে রাজনৈতিক উত্তেজনা।

চাই সচেতনতা

বাংলায় ডাক্তারের অভাব নেই। তবে স্বাস্থ্য-সচেতনতা জরুরি। মত বিশিষ্ট চিকিৎসক ডাঃ কুণাল সরকারের। বৃহস্পতিবার কলকাতা প্রেস ক্লাবে চিকিৎসা-সংক্রান্ত পড়াশোনার মোবাইল অ্যাপ 'মেডসাইক্লোপেডিয়া'র উদ্বোধন করেন তিনি। উপস্থিত ছিলেন সংস্থার প্রধান নির্মাল্য নাগও। অ্যাপটিতে থাকছে ১০ হাজারেরও বেশি শিক্ষাপ্রতিষ্ঠানের সুলুক-সন্ধান।

একবালপুরে মাতৃসদন পরিদর্শনে পুর নিগমের প্রধান প্রশাসক ফিরহাদ হাকিম। বৃহস্পতিবার। ছবি: আজকাল

গরিব দুধ-বিক্রেতা লটারিতে কোটিপতি

প্রিয়দর্শী বন্দ্যোপাধ্যায়

এ যেন স্বপ্নকেও হার মানানোর গল্প। দোকানে দোকানে দুধের প্যাকেট বিলি করে কোনওরকমে দিন গুজরান করতেন ডোমজুড়ের উত্তর ঝাপড়দহ গ্রামের শক্তি দাস। অভাবের সংসারে লকডাউনে নেমে এসেছিল তীব্র অনটন। দুধের প্যাকেট সরবরাহ করে মাসে ৫-৬ হাজারের বেশি আয় হত না। শেষ পর্যন্ত বছর চল্লিশের সেই শক্তি দাস লটারিতে প্রথম পুরস্কার জিতে পেলেন ১ কোটি টাকা। শনিবার এলাকারই এক লটারির দোকান থেকে রাজ্য সরকারের ডিয়ার লটারির ৫টা টিকিট ৩০ টাকা দিয়ে কেটেছিলেন। ৫টা টিকিটের একটি সিরিজ কেটেছিলেন তিনি। সেদিনই ছিল খেলা। ওইদিন আর কোনও খোঁজ নেননি। তবে পরের দিন সেই দোকানে গিয়ে টিকিট মেলাতে গিয়ে তাজ্জব হয়ে যান শক্তি। নিজের চোখকেও তখন যেন তিনি বিশ্বাস করতে পারছেন না। প্রথম পুরস্কারের নম্বরের সঙ্গে হুবহু মিলে গেছে তাঁর কাছে একটি লটারির টিকিটের নম্বর। তখনই তিনি বুঝতে পারেন প্রথম পুরস্কার জিতে ১ কোটি টাকা পেয়েছেন তিনি। আনন্দে কার্যত হতবাক হয়ে পড়েন অত্যন্ত গরিব পরিবারের এই মানুষটি। তিনি বলেন 'একসঙ্গে ১ লাখ টাকা কোনওদিন চোখে দেখিনি। সেই আমি কিনা ১ কোটি টাকা জিতে গেলাম। তারপর থেকেই কেমন যেন ঘোরের মতো লাগছে। পুরো বিষয়টাই এখনও স্বপ্ন মনে হচ্ছে। মাঝেমধ্যে লটারির টিকিট কাটতাম। তবে কোনওদিন প্রথম পুরস্কার জিতে ১ কোটি টাকা পাব কল্পনা করিনি।' দুই এক দিনের মধ্যেই এই টাকা তাঁর অ্যাকাউন্টে ট্রান্সফার হয়ে যাবে। নিয়ম মেনে টাকা কেটে পুরো টাকাটাই তাঁর অ্যাকাউন্টে আসবে। এই টাকা নিয়ে কী করবেন তা এখনও ঠিক করে উঠতে পারেননি তিনি। তবে এই টাকায় একটা মনের মতো বাড়ি তৈরি করতে চান তিনি। সেই সঙ্গে বৃদ্ধা মা ছবিরানী দাস-সহ বাড়ির সবাইকে ভালভাবে দেখাশোনা করতে চান। তবে মা ছবিরানী বলেন, 'এবার ছেলের একটি বিয়ে দিয়ে নিশ্চিন্ত হতে চাই।' তখন শক্তির মুখে লাজুক হাসি। তবে তিনি জোর দিয়ে বললেন, 'যাই হোক দোকানে দোকানে দুধের প্যাকেট সরবরাহ করা সেলসম্যানের কাজটা কিন্তু ছাড়ছি না।'

টিকিট হাতে শক্তি দাস। ছবি: কৌশিক কোলে

তৃণমূলের মিছিলে হামলার অভিযোগ

কেন্দ্রের কৃষি বিলের প্রতিবাদে তৃণমূলের মিছিলে হামলার অভিযোগ উঠল দুষ্কৃতীদের বিরুদ্ধে। বৃহস্পতিবার জয়নগরের বকুলতলার ঘটনা। পুলিশ সূত্রে জানা গেছে, এদিন জয়নগর গড় দেওয়ানি অঞ্চলে তৃণমূলের কৃষক বিল-বিরোধী মিছিল হয়। মিছিল নতুনহাট এলাকায় ঘুরছিল। আচমকাই এলাকার কিছু দুষ্কৃতী রাজ্যের মুখ্যমন্ত্রীর নামে কটূক্তি করে এবং হামলার চেষ্টা করে। কর্মীরা বাধা দিলে তারা পালিয়ে যায়। তবে একজনকে ধরে ফেলে পুলিশ।

মাদক চক্র

দু'দিনের চেষ্টায় তরল মাদকের একটি চক্রকে ধরল পুলিশ। তারা ২ লাখ টাকা মূল্যের মাদক-সহ পুলিশের হাতে ধরা পড়েছে। মোট ধৃতের সংখ্যা ৪। বারুইপুর থানার পুলিশ দু'দিন ধরে বারুইপুরের বিভিন্ন এলাকায় তল্লাশি চালিয়ে সাড়ে ৫ কেজি নিষিদ্ধ তরল মাদক উদ্ধার করেছে। অভিযুক্তদের বাড়ি জয়নগর থানা এলাকায়। পুলিশ জানিয়েছে, এই মাদক দ্রব্যের বাজারমূল্য আনুমানিক ২ লক্ষ টাকা।

বোমাবাজি

খড়দা পুরসভার ২১ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর দোলা দাসের বাড়িতে বোমাবাজি করল একদল দুষ্কৃতী। বুধবার রাত সাড়ে ১২টা নাগাদ তাঁর বাড়ির ওপর বোমা ছুঁড়ে পালিয়ে যায় দুষ্কৃতীরা। ব্যাপক ক্ষতি হয় দোলা দাসের বাড়ির। কেউ হতাহত হননি। খবর পেয়ে আসে খড়দা থানার পুলিশ। এই ঘটনার সঙ্গে পারিবারিক শত্রুতা জড়িয়ে আছে কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।

এসইউসি-র সভা

কেন্দ্রের কৃষি বিলের প্রতিবাদে বৃহস্পতিবার দক্ষিণ ২৪ পরগনার বিভিন্ন এলাকায় জনসভা করল এসইউসি। শুক্রবার সারা ভারত জুড়ে গ্রামীণ ভারত বন্‌ধের ডাক দেওয়া হয়েছে। ক্যানিং, জয়নগর, কুলতলি ও মথুরাপুরে জনসভা করে এসইউসি। ছিলেন প্রাক্তন বিধায়ক তরুণ নস্কর।

লয়েডের ফ্রিজ

রেফ্রিজারেটর ব্যবসায় নামল হ্যাভেলস ইন্ডিয়া লিমিটেড। লয়েড ব্র্যান্ডে বাজারে নতুন মডেলের ২৫টি রেফ্রিজারেটর এনেছে তারা। দীপাবলীর মধ্যেই আরও ২৫টি মডেল আনা হবে। ফ্রস্ট ফ্রি ও অন্যান্য আধুনিক ব্যবস্থা যুক্ত এই রেফ্রিজারেটরগুলিতে বিদ্যুৎ খরচও কম। ১৯০ লিটার থেকে ৫৮৭ লিটারের এই রেফ্রিজারেটরের দাম ১০,০০০ টাকা থেকে ৮৪,৯৯০ টাকা। লয়েডের সিইও শশী অরোরা জানিয়েছেন, এ দেশে এগুলি তৈরি করা হবে।

স্কুলের ফি জমা পড়েনি, পরীক্ষা দেওয়া হল না

উদয় বসু

করোনা আবহে কাজ হারিয়ে অর্থনৈতিক সঙ্কটের মুখে পড়ে অসহায় অবস্থার মধ্যে দিন কাটাচ্ছেন বহু মানুষ। ছেলে-মেয়েদের স্কুলের ফি জোগাড় করা তাঁদের কাছে দুঃসহ হয়ে উঠেছে। এই পরিস্থিতিতে ফি বাকি থাকায় পড়ুয়াদের যাণ্মাসিক পরীক্ষায় বসতে দিলেন না ব্যারাকপুরের একটি ইংরেজি মাধ্যম স্কুলের কর্তৃপক্ষ।

জানা গেছে, ওই স্কুলের বেশ কয়েকজন ছাত্রের অভিভাবক কোভিড পরিস্থিতির কারণে স্কুলের ফি সময়মতো জমা করতে পারছিলেন না। বিষয়টি সহমর্মিতার সঙ্গে বিচার করার জন্য স্কুলের কাছে আবেদন করেছিলেন তাঁরা। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও বার বার স্কুলগুলিকে এ ব্যাপারে সতর্ক করেছেন। তা সত্ত্বেও মঙ্গলবার স্কুলের অনলাইনে যাণ্মাসিক পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হয়নি ওই পড়ুয়াদের। তাদের ওয়েবসাইট লক করে দেওয়া হয়। যত বার লক খোলার চেষ্টা করা হয়, ততবার মেসেজ আসছে বকেয়া টাকা না দেওয়ার জন্য লক খুলছে না। পরীক্ষা দিতে না পারায় পড়ুয়ারা অত্যন্ত মুষড়ে পড়ে। ক্ষোভে ফেটে পড়েন অভিভাবকরা। যদিও স্কুলের সাফাই, সাইবার সমস্যার কারণে লক হয়েছে, স্কুলের কোনও দোষ নেই। এ ঘটনায় নিন্দার ঝড় উঠেছে সব মহলে।

দেবদত্তা রায়ের নামে চন্দননগরে আর্কাইভ

নীলরতন কুণ্ডু

হুগলি, ২৪ সেপ্টেম্বর

চন্দননগর পুস্তকাগারের নাম হল প্রয়াত করোনাযোদ্ধা 'দেবদত্তা রায় আর্কাইভ'। দেবদত্তা চন্দননগর মহকুমা শাসকের দপ্তরে ডেপুটি ম্যাজিস্ট্রেট ছিলেন। করোনা আক্রান্ত হয়ে ১৩ জুলাই মৃত্যু হয় তাঁর। তাঁর নামাঙ্কিত আর্কাইভের উদ্বোধন করলেন চন্দননগরের পুলিশ কমিশনার ড. হুমায়ুন কবির। ছিলেন মহকুমা শাসক মৌমিতা সাহা, পুরনিগমের কমিশনার স্বপন কুণ্ডু, থানার আইসি শুভেন্দু ব্যানার্জি, জেলা গ্রন্থাগার আধিকারিক ইন্দ্রজিৎ পাল প্রমুখ।

পুস্তকাগারের আধিকারিক সোমনাথ ব্যানার্জি বলেন, 'প্রয়াত দেবদত্তা রায়ের স্মৃতিকে ধরে রাখতে চন্দননগর পুস্তকাগারে তাঁরই নামে এই আর্কাইভ।' দেশ-বিদেশের বিদগ্ধ মানুষজন এই সংগ্রহশালা থেকে চন্দননগরের ইতিহাস জানতে পারবেন। অনুষ্ঠানে চন্দননগর হেরিটেজ কমিটির সম্পাদক কল্যাণ চক্রবর্তী প্রাচীন চন্দননগরের বেশ কিছু দুষ্প্রাপ্য ছবি এদিন প্রোজেকশনের মাধ্যমে দর্শকদের সামনে তুলে ধরেন।

পথচারী, এলাকার মানুষদের মধ্যে মাস্ক, স্যানিটাইজার বিলি করলেন বিজ্ঞান-কর্মীরা। বৃহস্পতিবার কলকাতার কৈলাস বসু স্ট্রিটে এই কর্মসূচি নিয়েছিল পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ।

Sealed tender is hereby invited by the undersigned office for NIT-247 Of dated 22/09/2020. For details please contact our gp office or see notice board within 29/09/2020 .
PRADHAN, HARIHARPUR GRAM PANCHAYAT.
VILL + PO- BANESWARPUR, PS- USTHI, S24PGS.

টেন্ডার

ABRIDGED NOTICE INVITING TENDER

Sub Divisional Officer, K.C.Sub-Division No.- XII, invites Off-Line tender on behalf of Govt. of West Bengal vide N.I.T No. WBIW/SDO/KCSD-XII/NIT-03/2020-21 for 03 (Three) Nos of work in the District Paschim Medinipur, Amount Put to Tender Rs.218345/-, Rs.109158/- and Rs. 54369/-, Details information, downloading can be obtained from the Departmental web site www.wbiwd.gov.in. Last date and time of submission of application with other documents is 30.09.2020 up to 14.00 hours IST.

Sd/-N.C.Khan
Sub-Divisional Officer
K.C.S.D.No-XII. Paschim Medinipur

NIQ No. 28 /B.Ar.D of 2019 - 2020

is invited by the Executive Engineer, Barasat Arsenic Division, P.H.E. Dte. Detailed information about the Quotation will be available in the website: - www.wbphed.gov.in as well as in the office notice board.

Sd/-
Executive Engineer
Barasat Arsenic Division, P.H.E. Dte.

E-TENDER
PRODHAN, PATULIA GRAM PANCHAYAT
BARRACKPUR-II DEV BLOCK
NORTH 24 PARGANAS
ID NO : 2020_ZPHD_297716_1
NIT NO: 26/T26/PATU/2020/14TH FC DATE :23/09/2020
BID SUBMISSION CLOSING DATE (ONLINE): 01/10/2020 UP TO 2:20PM
NIT may be seen/download from the https://Wbtenders.gov.in

Sd/-
Prodhan
Patulia Gram Panchayat

Government of West Bengal

NOTICE INVITING e-TENDER

The District Magistrate, Paschim Medinipur invites online Item rate tenders for following work(s):- Name of work: SUPPLY AND INSTALLATION OF THE MEDICAL EQUIPMENTS WITH CMC & AMC FOR ONE YEAR FOR MIDNAPORE MEDICAL COLLEGE, MIDNAPORE BY THE DISTRICT MAGISTRATE, PASCHI MMEDINIPUR. NIT:798/Dev, Dated-21.09.2020.The tender details can be obtained from website https://wbtenders.gov.in, https://wbhealth.gov.in/, https://midnaporemmc.ac.in & https://www.paschimmedinipur.gov.in/ Last date of submission of bids is 12/10/2020 upto 12.00 noon. Sd/- For District Magistrate,Paschim Medinipur 1238(3)/I&CA/Pas. Mid Dt. 24.09.2020

NOTICE INVITING e-TENDER

e-Tender is being invited by the Executive Engineer, P.W.D., Bardhaman Electrical Division from eligible contractors bearing Tender ID as follow : **NIQ No.- WBPWD/EEBED/NIQ- 15/2020-21**, Tender ID: 2020_WBPWD_297143_1. For details see website : **https://etender.wb.nic.in**

Sd/- S. Maiti
Executive Engineer, P.W.D.
Bardhaman Electrical Division

GOVERNMENT OF WEST BENGAL

CORRIGENDUM

AS PER DIRECTION OF HIGHER AUTHORITY, E-TENDER REGARDING GROUP INSURANCE (E-NIT NO. (QSF/NZ-02/108) VIDE MEMO NO.711/NZ/G.S.MELA-2021 DT.02/09/2020 TENDER ID:2020_DMSP_294776_1) HAS BEEN CANCELED DUE TO **"INSUFFICIENT BIDDER"**.
Sd/- A.D.M (G), South 24 Parganas & Mela Officer, Ganga Sagar Mela-2021
1482/DICO/S24Pgs, Dt.-23.09.2020

NICCO CORPORATION LIMITED-IN LIQUIDATION
LIQUIDATION SALE – CABLE UNIT
INVITATION OF EXPRESSION OF INTREST [EOI] FOR CABLE MANUFACTURING UNIT ON 15 ACRES LAND IN SHYAMNAGAR, WEST BENGAL
Product profile: Power cables, special cables, irradiated rubber cables, EB cables
[Reserve Price: Rs. 20.63 Crores]
All EOIs/bids subject to Invitation dated 24.09.2020. For details, visit http://vinodkothari.com/nicco-liquidation/invitation-for-expression-for-shyamnagar-cable-manufacturing/
Last date for submission of **EOI is 01.10.2020 and EMD is 03.10.2020 by 7:00 PM.**
Interested Persons may apply. Also, Merchant Bankers/Reputed Consultants who may assist in the sale of the property are welcome. Terms as to success-based facilitation fee and related information are mentioned in EOI.
For queries, please drop e-mail to niccoliquidation@gmail.com. No walk-in enquiries or phone calls will be entertained.
Also see Invitation of EOI for First Floor of Nicco House at http://vinodkothari.com/nicco-liquidation/invitation-for-expression-of-interest-in-nicco-house/
Note: All areas are approximates and are unmeasured, on the basis of records available.
Vinod Kumar Kothari, Liquidator
NICCO Corporation Limited – in Liquidation
Nicco House, 2, Hare Street, Kolkata- 700001/
R- 1006-1009, Krishna Building, 224 AJC Bose Road, Kolkata 700017
e-mail: niccoliquidation@gmail.com/resolution@vinodkothari.com
Registration No.: IBBI/IPA-002/IP-N000019/2016-17/10033
Date: 24.09.2020

Sl	Neme of Work	N.I.e.T No	Last Date of Application/ Bid Submission
1	Supply, Delivery, Installation, Testing and Commissioning of Electric Cremation Furnace (Single unit) including pollution Control Unit and electrical Installation at Jiaganj Crematorium, Ward No- 01 under Jiaganj- Azimganj-Azimganj Municipality (Electro Mechanical works	12/2020, Sl No- 01	09.10.2020

Chairperson
Board of Administrator
Jiagang-Azimgang Municipality

GOVERNMENT OF WEST BENGAL

NOTICE INVITING E-TENDER

Name of Work: **Design, Development and Hosting of a Web Application and Mobile application (both Android & iOS based) for Integrated Monitoring System for crowd, Vehicle and vessel Management during Ganga Sagar Mela 2021.**

SCHEDULE OF IMPORTANT DATES OF BIDS

PARTICULAR	DATE & TIME
Date of Publication of EOI	23.09.2020
EOI start date & time	23/09/2020 at 5.00 pm
EOI end date & time	30/09/2020 from 05.00 pm
Last date & time of submission of Technical Bid and Financial Bid in the drop box	30/09/2020 up to 05.00 pm
Date & Time of opening of Technical Bid in the Office of the District Magistrate, Alipore (IT Section)	01/10/2020 at 02.00 pm
Date & Time of opening of Financial Bid in the Office of the District Magistrate, Alipore (IT Section)	01/10/2020 at 03.00 pm

For details please refer to the following website: s24pgs.gov.in.
For details Contact: 033-24501379
Sd/- Additional District Magistrate (LA), South 24 Parganas
1489/DICO/S 24 Pgs, Dt- 24.09.2020

GOVERNMENT OF WEST BENGAL

NOTICE INVITING E-TENDER

Name of Work: **Supply, Installation And Operation Of water proof Intelligent GPS Tracker to be installed at Vehicle And Vessel along with customized tracking system integration during Gangasagar Mela 2021.**

SCHEDULE OF IMPORTANT DATES OF BIDS

PARTICULAR	DATE & TIME
Date of Publication of EOI	24.09.2020
EOI start date & time	24/09/2020 at 3.00 pm
EOI end date & time	01/10/2020 from 03.00 pm
Last date & time of submission of Technical Bid and Financial Bid in the drop box	01/10/2020 up to 03.00 pm
Date & Time of opening of Technical Bid in the Office of the District Magistrate, Alipore (IT Section)	01/10/2020 at 12.00 pm
Date & Time of opening of Financial Bid in the Office of the District Magistrate, Alipore (IT Section)	01/10/2020 at 04.00 pm

For details please refer to the following website: s24pgs.gov.in.
For details Contact: 033-24501379
Sd/- Additional District Magistrate (LA), South 24 Parganas
1492/DICO/S 24 Pes. Dt- 24.09.2020

ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেড
(কোল ইন্ডিয়া লিমিটেড-এর একটি সম্পূরক)
75 YEARS OF CELEBRATING THE MAHATMA

''পণ্য প্রোকিওরমেন্ট, কাজ ও পরিষেবার জন্য সিআইএল এবং এর সম্পূরকগুলি দ্বারা জারিকৃত সমস্ত টেন্ডার এখানে উপলব্ধ রয়েছে: (১) কোল ইন্ডিয়া লিমিটেডের ওয়েবসাইট: **www.coalindia.in**; (২) ইসিএল-এর ওয়েবসাইট: **www.easterncoal.nic.in**; (৩) সিআইএল-এর ই-প্রোকিওরমেন্ট পোর্টাল: **https://coalindiatenders.nic.in**; (৪) সেন্ট্রাল পাবলিক প্রোকিওরমেন্ট পোর্টাল: **https://eprocure.gov.in**। এর অতিরিক্ত রূপে, জিইএম পোর্টাল: **https://gem.gov.in**-এর মাধ্যমেও প্রোকিওরমেন্ট করা হয়।''

আদেশানুসার
ইসিএল

আলিপুরদুয়ার সংমণ্ডলে জল যোগানের হেতু ভালভের পরিচালন ও রক্ষণাবেক্ষণ

ই-টেন্ডার নোটিস নং. ৮৬/ডব্লিউ-২/এপিডিজে। তারিখঃ ২২-০৯-২০২০। নিম্নে স্বাক্ষরকারীর দ্বারা নিম্নলিখিত কামকাজের হেতু ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। টেন্ডার সংখ্যা. ৩০-এপি-II-২০২০। **কাজের নামঃ** এডিইএন/এইচকিউ/ আলিপুরদুয়ার জংশন অধিক্ষেত্রের অধীনে ২৪ মাসের এক সময়সীমার জন্য আলিপুরদুয়ার জংশন-I, আলিপুরদুয়ার জংশন-II এবং কোচবিহারে ইলেক্ট্রো-ক্লোরিনেটরের রক্ষণাবেক্ষণ এবং জল যোগানের হেতু ভালভের পরিচালন ও রক্ষণাবেক্ষণ। বিজ্ঞপ্তিত টেন্ডার রাশিঃ ১,০৭,৪০,৩৫২.০৫ টাকা। **বায়না রাশিঃ** ২,০৩,৭০০/- টাকা। **টেন্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়-** ১৯-১০-২০২০ তারিখে ১৩.০০ ঘন্টায় এবং খোলা যাবে- ১৯-১০-২০২০ তারিখে ১৫.০০ ঘন্টায় ডিআরএম (ডব্লিউ), আলিপুরদুয়ার জংশন কার্যালয়ে। বিস্তৃত তথ্যের জন্য www.ireps.gov.in ওয়েবসাইটে অবলোকন করুন।
ডিআরএম (ডব্লিউ), আলিপুরদুয়ার জংশন
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

ওয়াটার সাপ্লাই ফিল্টার প্ল্যান্ট এবং ইলেক্ট্রো ক্লোরিনেটর্স-এর রক্ষণাবেক্ষণ ও পরিচালনা

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. ৮৭/ডব্লিউ-২/এপিডিজে; তারিখঃ ২২-০৯-২০২০। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছেঃ **টেন্ডার নং.**ঃ ৩১-এপি-II-২০২০। **কাজের নামঃ** ফকিরাগ্রাম জংশনের এডিইএন/ফকিরাগ্রাম জং. অধিক্ষেত্রের অধীনে নিউ বঙাইগাঁওয়ে ২৪ (চব্বিশ) মাস সময়ের জন্য ওয়াটার সাপ্লাই ফিল্টার প্ল্যান্টের রক্ষণাবেক্ষণ ও পরিচালনা এবং ইলেক্ট্রো ক্লোরিনেটর্স-এর রক্ষণাবেক্ষণ। **টেন্ডার মূল্যঃ** ৮৮,০৪,০৯৯.০৪ টাকা; **বায়নার ধনঃ** ১,৭৬,১০০.০০ টাকা। **ই-টেন্ডার** ১৯-১০-২০২০ তারিখের ১৩.০০ ঘন্টায় **বন্ধ হবে** এবং ১৯-১০-২০২০ তারিখের ১৫.০০ ঘন্টায় **খোলা হবে**। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য http://www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।
ডিআরএম (ওয়ার্কস), আলিপুরদুয়ার জং.
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

ABRIDGE NOTICE

N.I.T. no 08 & N.I.Q. no-02 of 2020 -2021 of E.E.(A-1) Krishnagar-1 (A-1) Division.
Sealed tenders/Quotation are hereby invited by the Executive Engineer (A-1), Krishnagar-1 (A-1) Division, krishnagar, Nadia for repair maintenance of pipeline, pump house and supply of different materials for different M.I. schemes.
Last Date of application 8/10/2020
details will be available from the office of the undersigned

Executive Engineer (A-1)
Krishnagar-1 (A-1) Division.
Krishnagar, Nadia

BRAITHWAITE & CO. LIMITED
(A Govt. of India Undertaking)
5, Hide Road, Kolkata – 700 043.

Open Tender No. BCL/PUR/AB/ISMC-300/EUR/2020
Sealed offers are invited in Two bid systems for supply of 416.61 MT Channel (ISMC 300 x 90 x 10 x 10 mtr) – Spec: IS: 2062 E250A CU as per tender conditions.
Last date of sale & submission of tender is 21 days from the date of publication (both days inclusive). Interested parties may collect the tender document from Purchase Dept., Braithwaite & Co. Ltd., 5 Hide Road, Kolkata on all working days from **10.00 hrs to 14.30 hrs** against payment of **Rs.1000/- (non refundable)** by Bank Draft / Pay Order in favour of "Braithwaite & Co. Ltd", payable at Kolkata, towards cost of tender document. Tender document can also be downloaded from our website **www.braithwaiteindia.com** and offer can be submitted as per tender conditions.
All TCNs & Corrigendum etc. will be notified in our website **www.braithwaiteindia.com** only.

Sr. Executive (Purchase)